## বীর মুক্তিযোদ্ধা ওডারল্যান্ড বীর প্রতীকের নামে ঢাকায় রাস্তার নামকরণ

**একতা প্রতিবেদক :** একাত্তরে মহান মুক্তিযুদ্ধে অসামান্য অবদান রেখেছিলেন ডাচ-বংশোদ্ভূত অস্ট্রেলিয়ার নাগরিক এ.এস ওয়ারল্যান্ড বীর প্রতীক। তিনিই একমাত্র বিদেশি নাগরিক যিনি মুক্তিযুদ্ধে খেতাবপ্রাপ্ত হন।

ওডারল্যান্ডে স্মৃতিকে চিরভাস্বর করে রাখতে ঢাকা সিটি কর্পোরেশন গুলশানের ৮৪ নম্বর সড়কটি তাঁর নামে নামকরণ করেছে।

গত ১১ ফেব্রুয়ারি বিকেল অনুষ্ঠানিকভাবে ঢাকার মেয়র সাবেক হোসেন খোকা-এর উদ্বোধন করেন। এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশস্থ অস্ট্রেলিয়ার হাই-কমিশনার জাস্টিন লি, ডাচ হাই-কমিশনার অলহোম্স হ্যানিসেন, সেক্টর কমান্ডার ফোরামের মহাসচিব লে. জে. হারুনুর রশিদসহ নেতৃবৃন্দ, সাবেক রাষ্ট্রদূত ব্যারিষ্টার হারুন-অর-রশিদ, মীর্জা শামসুজ্জামান, জেনারেল জামিলডি আহসান, জেনারেল মাসুদুর রহমান বীর প্রতীক, মিডিয়া ব্যক্তিত্ব ম. হামিদ ওডারল্যান্ড মেমোরিয়াল কমিটির আহ্বায়ক ও উদ্যোক্তা মুক্তিযোদ্ধা কামরুল আহসান খান, বাটা কোম্পানির প্রতিনিধি ইফতেখার হায়দার, সাংস্কৃতিক ব্যক্তিত্ব চঞ্চল খানসহ অন্যান্য সেক্টর কমান্ডার-এর নেতৃবৃন্দ প্রমুখ। বক্তারা তাঁর অবদানে কথা স্মরণ করেন এবং সে সাথে স্বাধীনতাকে অর্থবহ করে তোলার জন্য দেশবাসীকে আহ্বান জানান।

উল্লেখ্য, উইলিয়াম এ.এস ওডারল্যান্ড ১৯৭১ সালে বাটা কোম্পানির জেনারেল ম্যানেজার হিসেবে কর্মরত অবস্থায় সক্রিয়ভাবে মুক্তিযুদ্ধে অংশ নেন। সামগ্রিক অনুষ্ঠানটি সমন্বয় করেন স্মরণ কমিটির আহ্বায়ক মুক্তিযোদ্ধা কামরুল আহসান খান। উল্লেখ্য ২০০১ সালে তাঁর মৃত্যু পর তৎকালীন বাংলাদেশ সরকার রাষ্ট্রীয় মর্যাদা মধ্য দিয়ে সমাহিত করে। অস্ট্রেলিয়া বাংলাদেশ দূতাবাসে ওয়ারল্যান্ড-এর নামে একটি লাইব্রেরি চালু করা হয়।

